আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
জেলা কার্যালয়, নীলফামারী।
২৬ অগ্রহায়ণ ১৪২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.২০.০০১.১১- ৮৪৯ তারিখঃ ১০ ডিসেম্বর ২০১৭

বিষয় ঃ বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাদের (স্বেচ্ছাসেবী) নিয়োগ ও অব্যাহতি নীতিমালা-২০১৭।

ভূমিকা ঃ

১। সাধারণ ঃ

আনসার বাহিনী আইন ১৯৯৫ (১৯৯৫ সনের ৩নং আইন) এর ধারা ৭ এবং ৮ এর উদ্দেশ্য পূরণকল্পে ধারা ১৪ এর বিধানমতে প্রবিধান প্রণয়ন না হওয়া পর্যন্ত বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাদের (স্বেচ্ছাসেবী) নিয়োগ ও অব্যাহতি নীতিমালা প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজন। বর্তমানে বিভিন্ন পদবীর আনসার সদস্য-সদস্যাদের কর্তব্য ও দায়িত্বের পরিধি বৃদ্ধি, পেশাগত দায়িত্ব পালনে উন্নতি ঘটানো ও জবাবদিহিতা নিশ্চিতকরণার্থে এ নীতিমালা প্রণয়ন করা হল।

২। শিরোনাম ও কার্যকারিতা ঃ

এ নীতিমালা বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাদের (স্বেচ্ছাসেবী) নিয়োগ ও অব্যাহতি নীতিমালা-২০১৭ নামে পরিচিত হবে এবং ইহা জারীর তারিখ হতে কার্যকর হবে।

৩। উদ্দেশ্য ঃ

আনসার বাহিনী আইন ১৯৯৫ (১৯৯৫ সনের ৩নং আইন) এর আলোকে বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাদের নিয়োগ ও অব্যাহতি প্রদানের পদ্ধতির প্রয়োজনীয় দিক নির্দেশনা ও নির্দেশাবলী প্রদানই এ নীতিমালার উদ্দেশ্য।

৪। পদ ঃ

(১) উপজেলা আনসার (পুরুষ) কোম্পানীর পদসমূহ

ক) উপজেলা/থানা কোম্পানী কমান্ডার
খ) সহকারী উপজেলা/থানা কোম্পানী কমান্ডার
গ) প্লাটুন কমান্ডার
ঘ) সহকারী প্লাটুন কমান্ডার
ঙ) হাবিলদার
চ) নায়েক
ছ) ল্যান্স নায়েক
জ) আনসার

(২) উপজেলা পর্যায়ে মহিলা আনসার প্লাটুনের পদসমূহ

ক) প্লাটুন কমান্ডার
খ) সহকারী প্লাটুন কমান্ডার
গ) হাবিলদার
ঘ) নায়েক
ঙ) ল্যান্স নায়েক
চ) আনসার

(৩) ইউনিয়ন পর্যায়ে আনসার (পুরুষ) প্লাটুনের পদসমূহ

ক) প্লাটুন কমান্ডার

খ) সহকারী প্লাটুন কমান্ডার

গ) হাবিলদার

ঘ) নায়েক

ঙ) ল্যান্স নায়েক

চ) আনসার

৫। নিয়োগ ঃ

তালিকাভুক্তি ঃ

সাধারণ আনসার প্রশিক্ষণপ্রাপ্ত সকল সদস্যই নিজ নিজ এলাকায় সাধারণ আনসার সদস্য হিসেবে তালিকাভুক্ত (Enlisted) সদস্য/ সদস্যা বলে গণ্য হবেন। তবে তালিকাভুক্ত কোন ব্যক্তি যদি নিম্নের কোন শর্তভঙ্গ করেন তবে তাকে তালিকা হতে বাদ দেয়া হবে ঃ

ক) বাংলাদেশের নাগরিক বা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা বা বাংলাদেশে ডোমিসাইল না হন;

খ) বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করে থাকেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন;

গ) কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন এবং দেউলিয়াত্ব অবসান হয়েছে মর্মে ঘোষণা না করা হয়;

ঘ) কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক মানসিক ভারসাম্যহীন বিবেচিত হন;

ঙ) কোন উপযুক্ত আদালত কর্তৃক দুষ্কৃতিকারী হিসেবে চিহ্নিত হন বা সাজাপ্রাপ্ত হন;

চ) এলাকায় অসামাজিক কার্যকলাপে রত হন বা ছিলেন মর্মে কুখ্যাতি সৃষ্টি হয় বা থাকে;

ছ) নৈতিক স্খলনজনিত অপরাধে কোন উপযুক্ত আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হন;

জ) কোন অপরাধে সরকারী চাকরি হতে বরখাস্ত হন;

ঝ) শৃংখলাজনিত কারণে সদস্য পদ বাতিল করা হয়েছে বা বহিষ্কার করা হয়েছে এমন কোন পিসি, এপিসি, আনসার বা ভিডিপি সদস্য।

৬। নিয়োগের মেয়াদ ঃ

(ক) উপজেলা আনসার কোম্পানী কমান্ডার/সহকারী কোম্পানী কমান্ডার/উপজেলা মহিলা আনসার প্লাটুন কমান্ডার/সহকারী প্লাটুন কমান্ডার এবং ইউনিয়ন আনসার প্লাটুন কমান্ডারদের নিয়োগের মেয়াদকাল হবে ০৫ (পাঁচ) বছর। বিশেষ বিবেচনায় পূর্ববর্তী কর্তব্যকাল/দায়িত্বকাল সন্তোষজনক বিবেচিত হলে জেলা কমান্ড্যান্টের সুপারিশের ভিত্তিতে রেঞ্জ কমান্ডার পরবর্তী ০৫ (পাঁচ) বছরের জন্য পুনরায় নিয়োগ দিতে পারবেন (০২ বারের অধিক নয়)। পরবর্তীতে পুনঃনিয়োগের প্রয়োজন হলে সদর দপ্তর অপারেশনস শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। তবে তৃণমূল নেতৃত্ব সৃষ্টির লক্ষ্যে কোনক্রমেই একজনকে ২৫ (পঁচিশ) বছরের বেশী সময় পদে রাখা যাবে না। বাংলাদেশ আনসার বাহিনীর উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাদের দায়িত্ব পালনের সর্বোচ্চ বয়সসীমা হবে ৫০ (পঞ্চাশ) বছর।

(খ) বর্তমানে নিয়োজিত (যদি থাকে) সকল উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুনের সদস্য-সদস্যাগণ এ নীতিমালার আওতায় নিয়োজিত বলে বিবেচিত হবেন এবং এ নীতিমালার অনুচ্ছেদ ৬(ক) অনুযায়ী ৫০ (পঞ্চাশ) বছর বয়সকাল পর্যন্ত কর্মরত থাকবেন।

(গ) উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যা হিসেবে ২৫ বছর নিয়োগকাল অথবা বয়স ৫০ (পঞ্চাশ) বছর পূর্তি, দু'টির মধ্যে যেটি আগে সংঘটিত হয় তার ভিত্তিতে নিয়োগ অবসান হবে।

৭। নিয়োগের ক্ষমতা ঃ

আনসার বাহিনী আইন-১৯৯৫ (১৯৯৫ সনের ৩নং আইন) এবং সরকারি আদেশ (জি.ও.) দ্বারা উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুনের সদস্য-সদস্যাদের সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্টগণ এ নীতিমালার আলোকে নিয়োগ প্রদান করবেন।

৮। **উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুনের সদস্য-সদস্যা পদে নিয়োগের যোগ্যতা ঃ**

উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুনের সদস্য-সদস্যা পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীর নিম্নরূপ যোগ্যতা থাকতে হবে ঃ

(ক) বয়স ঃ পুরুষ/মহিলা ঃ ২০-৩৫ বৎসর;

(খ) শিক্ষাগত যোগ্যতা ঃ ক) উপজেলা/থানা আনসার কোম্পানী কমান্ডার পদে ন্যূনতম এসএসসি পাস (সমমান)
(মুক্তিযোদ্ধাপরিবারসহ অন্য কোন বিশেষ ক্ষেত্রে নবম শ্রেণির "বোর্ড রেজিস্ট্রেশন" পর্যন্ত শিথিলযোগ্য। এছাড়া পার্বত্য অঞ্চলের জন্য জেএসসি/অষ্টম শ্রেণি পর্যন্ত শিথিলযোগ্য)।

খ) সহকারী উপজেলা/থানা আনসার কোম্পানী কমান্ডার এবং প্লাটুন কমান্ডার পদে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা নূন্যতম নবম শ্রেণি পাস হতে হবে।

গ) কোম্পানী/প্লাটুনভুক্ত অন্যান্য সদস্য-সদস্যা পদে নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা নূন্যতম অষ্টম শ্রেণি পাস হতে হবে।

(গ) চিকিৎসা সনদ ঃ শারীরিক যোগ্যতার স্বপক্ষে চিকিৎসকের সনদপত্র।

(ঘ) উচ্চতা ঃ পুরুষ ঃ ৫' - ৪'' ;
মহিলা ঃ ৫' - ০''।

ব্যাখ্যাঃ (১) অধিক উচ্চতা সম্পন্নপ্রার্থীগণ অগ্রাধিকার পাবেন;
(২) উপজাতীয়দের ক্ষেত্রে উচ্চতা ২'' শিথিলযোগ্য।

(ঙ) বুকের মাপ ঃ পুরুষ ঃ ৩০''-৩২'' ;
মহিলা ঃ প্রযোজ্য নয়।

(চ) প্রশিক্ষণ ঃ (ক) আনসার মৌলিক প্রশিক্ষণ;
(খ) উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুনের সদস্য-সদস্যা হিসেবে মৌলিক প্রশিক্ষণ।

(ছ) অভিজ্ঞতা ঃ ক) উপজেলা/থানা কোম্পানী কমান্ডার, সহকারী উপজেলা/থানা কোম্পানী কমান্ডার, প্লাটুন কমান্ডার, সহকারী প্লাটুন কমান্ডার, হাবিলদার, নায়েক ও ল্যান্স নায়েক পদের জন্য উপজেলা আনসার কোম্পানী/প্লাটুন এবং ইউনিয়ন আনসার প্লাটুনের সদস্য-সদস্যা হিসেবে ন্যূনতম ০২ (দুই) বছর সক্রিয়ভাবে কাজ করার অভিজ্ঞতা থাকবে হবে।
খ) আনসার পদে মৌলিক প্রশিক্ষণ গ্রহণের পরেই নিয়োগ দেওয়া যাবে।

(জ) অগ্রাধিকার ঃ (ক) মুক্তিযোদ্ধার/শহীদ পরিবারের সন্তান/দৌহিত্র/বংশধর;
(খ) আনসার-ভিডিপি পরিবারের সদস্য-সদস্যা (কর্মকর্তা, কর্মচারী, আনসার ব্যাটাঃ সদস্য/সদস্যা বা প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য/সদস্যার স্বামী/স্ত্রী/সন্তান);
(গ) দৃষ্টান্তমূলক সমাজসেবী;
(ঘ) আনসার/পেশাভিত্তিক/যুগপৎ যুদ্ধ কৌশল প্রশিক্ষণপ্রাপ্ত।

৯। **নিয়োগের জন্য বাছাই কমিটি ঃ**

সংশ্লিষ্ট উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন এর অন্তর্গত সক্রিয়ভাবে কর্মরত সদস্য/সদস্যাদের মধ্য হতে কোম্পানী কমান্ডার/সহকারী কোম্পানী কমান্ডার/প্লাটুন কমান্ডার/সহকারী প্লাটুন কমান্ডার উপযুক্ত ব্যক্তি বাছাই করার জন্য নিম্নবর্ণিত কমিটি কাজ করবে ঃ

| | | | |
|---|---|---|---|
| ক। | জেলা কমান্ড্যান্ট | - | সভাপতি |
| খ। | সহকারী জেলা কমান্ড্যান্ট | - | সহ-সভাপতি |
| গ। | সার্কেল অ্যাডজুটান্ট /ইউএডিভিও (সদর) | - | সদস্য-সচিব |

ঘ। ইউএভিডিও/টিএভিডিও (সংশ্লিষ্ট) - সদস্য

ঙ। ইউআই/টিআই (পুরুষ/মহিলা) সংশ্লিষ্ট - সদস্য

ব্যাখ্যা ঃ (১) কোন জেলায় সহকারী জেলা কমান্ড্যান্ট কর্মরত না থাকলে কমিটির সে পদটি শূন্য থাকবে।

(২) কোন জেলায় জেলা কমান্ড্যান্ট এর পদ শূন্য থাকলে সহকারী জেলা কমান্ড্যান্ট সভাপতি হিসেবে দায়িত্ব পালন করলে কমিটিতে সহকারী জেলা কমান্ড্যান্ট এর পদটি খালি থাকবে।

(৩) কোন জেলায় সার্কেল অ্যাডজুটান্ট জেলা কমান্ড্যান্ট এর দায়িত্ব পালন করলে উক্ত জেলার সদর উপজেলার আনসার-ভিডিপি কর্মকর্তা সদস্য-সচিব হবেন।

(৪) ন্যূনতম তিন সদস্যের উপস্থিতিতে এ কমিটির কোরাম পূর্ণ হবে।

১০। **নিয়োগ পদ্ধতি ঃ**

এ নীতিমালার অনুচ্ছেদ ৯-এ বর্ণিত কমিটি উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাদের শূন্যপদ পূরণের লক্ষ্যে উন্মুক্ত নোটিশের মাধ্যমে প্রাথমিকভাবে উপযুক্ত জনবল বাছাই করবে। বাছাইকৃত ব্যক্তিগণ রেঞ্জ কমান্ডারের তত্ত্বাবধানে নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করবেন এবং সফলভাবে প্রশিক্ষণ সম্পন্নকারীগণ শপথনামা পাঠ ও স্বাক্ষর করবেন। প্রশিক্ষণ শেষে রেঞ্জ কমান্ডার কর্তৃক নিয়োগযোগ্য জনবলের তালিকা প্রকাশ করা হবে। এ তালিকা হতে সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট তাঁর জেলার জন্য উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাদের নিয়োগের লক্ষ্যে তাদের পুলিশী প্রতিপাদন সংগ্রহ করবেন। সন্তোষজনক পুলিশী প্রতিপাদন প্রাপ্তি সাপেক্ষে সংশ্লিষ্ট ব্যক্তি যে উপজেলা/ইউনিয়ন এর স্থায়ী বাসিন্দা তাকে সে উপজেলা/ইউনিয়ন এর শূন্যপদে ৫ (পাঁচ) বছরের জন্য রেঞ্জ কমান্ডারের অনুমোদনক্রমে জেলা কমান্ড্যান্ট কর্তৃক নিয়োগ পত্র প্রদান করা হবে। নিয়োগপত্রের দপ্তর কপি, শপথনামা, পুলিশী প্রতিবেদন ও অন্যান্য সকল ব্যক্তিগত ডকুমেন্ট জেলা কার্যালয়ে সংরক্ষিত থাকবে।

১১। **নিয়োগের জন্য প্রয়োজনীয় কাগজপত্র ঃ**

উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যা হিসেবে নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীকে নিম্নোক্ত দলিল পত্রাদি বাছাই কমিটির নিকট উপস্থাপন করতে হবে ঃ

(ক) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশন/ওয়ার্ডের কাউন্সিলর/ইউএভিডিও/টিএভিডিও কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি - ৩ কপি।

(খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর (যেখানে যেটি প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

(গ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

(ঘ) প্রশিক্ষণ সনদপত্র।

(ঙ) সংশ্লিষ্ট ইউএভিডিও/টিএভিডিও কর্তৃক ০২ (দুই) বছর উপজেলা/থানা আনসার কোম্পানী/প্লাটুন এবং ইউনিয়ন আনসার প্লাটুনভুক্ত সদস্য-সদস্যা হিসেবে সক্রিয়ভাবে কাজ করার প্রমাণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

(চ) সংশ্লিষ্ট উপজেলা/থানা আনসার-ভিডিপি কর্মকর্তার উপস্থিতিতে স্বাক্ষরিত শপথনামা (পরিশিষ্ট-'ক')।

(ছ) জাতীয় পরিচয়পত্র/ভোটার আইডিকার্ড ও জন্ম নিবন্ধন সনদপত্র।

(জ) রক্তের গ্রুপ।

(ঞ) শারীরিক যোগ্যতার স্বপক্ষে চিকিৎসকের সনদপত্র।

(ট) ব্যক্তিগত তথ্য ফরম (পূরণকৃত)।

১২। **দায়িত্ব ও কর্তব্য ঃ**

(১) **উপজেলা/থানা আনসার কোম্পানী/প্লাটুন এবং ইউনিয়ন আনসার প্লাটুনের দায়িত্ব ও কর্তব্যঃ**

ক) কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাদের মৌলিক ও পেশাভিত্তিক প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা করা।

খ) কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাদের সাথে নিয়মিত যোগাযোগ করা এবং তাদের উন্নয়নমুখী কাজে উৎসাহ দেয়া।

গ) যে কোন জরুরী অবস্থায় কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাদের সংগঠিত করে তাদের নেতৃত্ব দেয়া।

ঘ) উপজেলা/থানা/ইউনিয়নে আইন-শৃংখলা রক্ষায় আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে সহায়তা করা এবং এ কাজে এলাকাবাসীদের উদ্বুদ্ধ করা।

ঙ) কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাদের বিভিন্ন উন্নয়মুখী কাজে উদ্বুদ্ধ করা, উৎসাহ প্রদান করা, পরামর্শ ও জ্ঞান দেয়া।

চ) কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাগণ কুটির শিল্প, শাকসবজী ও ফলমূল আবাদ, গবাদী পশু হাঁস-মুরগী ও কবুতর পালন করে নিজেদের অবস্থার উন্নতি করবেন এবং এলাবাসীদেরকেও এসব কাজে উৎসাহিত করবেন।

ছ) কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাগণ পরিবার পরিকল্পনার পদ্ধতি গ্রহণের মাধ্যমে পরিকল্পিত পরিবার গঠন করবেন এবং এলাবাসীদেরকেও পরিকল্পিত পরিবার গঠনে উদ্বুদ্ধ করবেন।

জ) গ্রাম ও সমাজ উন্নয়নমুখী কাজ যেমন রাস্তা-ঘাট, পুল সেতু, নির্মাণ ও মেরামত, জঙ্গল ও কচুরীপানা পরিস্কার ইত্যাদিতে কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাদের উদ্বুদ্ধ করতে হবে এবং এসকল উন্নয়নমূলক কাজে নেতৃত্ব প্রদান করতে হবে ।

ঝ) কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাদের নিয়ে বিভিন্ন খেলাধুলা এবং চিত্তবিনোদনের জন্য গান -বাজনা, নাটক-থিয়েটার ইত্যাদির আয়োজন করতে হবে। এলাকাবাসীদেরকেও এ কার্যক্রমে উৎসাহিত করতে হবে।

ঞ) মহামারী, ঘূর্ণিঝড়, বন্যা, জলোচ্ছ্বাস ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালে কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাদের নিয়ে সেবামূলক কাজে আত্মনিয়োগ করতে হবে।

ট) কোম্পানী/প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাদের মাঝে সঞ্চয়ের অভ্যাস গড়ে তুলতে হবে এবং এলাকাবাসীদেরকেও সঞ্চয়ী হতে উদ্বুদ্ধ করতে হবে।

**১৩। পোশাকঃ**

সদর দপ্তর, প্রশাসন শাখার স্মারক নং-৪৪.০৩.০০০০.০১১.০১.১৬০.১২-৭৩৮, তারিখঃ ০৯/০৫/২০১৩ খ্রিস্টাব্দ মূলে জারীকৃত 'অফিস আদেশ' মোতাবেক নির্ধারিত পোশাকাদি পরিধান করবেন।

**অব্যাহতি, অপসারণ ও পদত্যাগ ঃ**

১৪। **অব্যাহতি ঃ**

কোন উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাদের নিয়োগকৃত পদে যোগদানের পর ৫ (পাঁচ) বছর পর্যন্ত কর্মরত থাকবেন। যোগদানের তারিখ হতে পাঁচ বছর পূর্তির দিনে স্বয়ংক্রিয়ভাবে তার নিযুক্তি বাতিল হবে। মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে অবশ্যই ৫ (পাঁচ) বছরের মেয়াদ পূর্তির ন্যূনতম ২ মাস পূর্বে সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। সন্তোষজনকভাবে দায়িত্ব পালন শেষে অব্যাহতিপ্রাপ্ত কোম্পানী কমান্ডার/সহকারী কোম্পানী কমান্ডার/প্লাটুন কমান্ডার/সহকারী প্লাটুন কমান্ডার সদস্য/সদস্যাদের পরিশিষ্ট-'খ' তে বর্ণিত পত্রের অনুরূপে জেলা কমান্ড্যান্ট কর্তৃক ছাড়পত্র প্রদান করা হবে।

১৫। **শৃংখলাজনিত কারণে অপসারণ ঃ**

শৃংখলাভঙ্গের কারণে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে অনুচ্ছেদ ১৮, ১৯, ২০ -এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করে উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাদের অপসারণ করা যাবে। শৃংখলাজনিত কারণে অপসারিত হলে কোন ধরনের আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

১৬। **পদত্যাগ ঃ**

উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাদের জেলা কমান্ড্যান্ট বরাবরে নিজ স্বাক্ষরযুক্ত পত্রযোগে ব্যক্তিগতভাবে পদত্যাগপত্র দাখিল করতে পারবেন। পদত্যাগপত্রে পদত্যাগের তারিখ উল্লেখ না থাকলে জেলা কমান্ড্যান্ট যে তারিখে পত্র পাবেন সে তারিখ হতে পদত্যাগ জেলা কমান্ড্যান্ট এর অনুমোদন স্বাপেক্ষে কার্যকর হবে এবং পদত্যাগকারীর পদ শূন্য হবে।

১৭। (ক) **পেশাগত কাজে অযোগ্য এবং শারীরিক/মানসিকভাবে অক্ষম হলে বা স্থায়ী আবাসস্থল (ঠিকানা) পরিবর্তন হলে ঃ**

উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাদের দায়িত্ব পালনকালীন সময়ে পেশাগত দায়িত্ব পালনে অযোগ্য বিবেচিত হলে কিংবা শারীরিক বা মানসিকভাবে অক্ষম বলে বিবেচিত হলে জেলা কমান্ড্যান্ট কর্তৃক ছাড়পত্র প্রদানের মাধ্যমে তাকে সসম্মানে অব্যাহতি দেয়া হবে। বৈবাহিক বা অন্য কোন কারণে সংশ্লিষ্ট উপজেলা আনসার

কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যা উপজেলা/ইউনিয়নের বাইরে স্থায়ীভাবে বসবাস শুরু করলেও জেলা কমান্ড্যান্ট কর্তৃক ছাড়পত্র প্রদানের মাধ্যমে তাঁকে সসম্মানে অব্যাহতি দেয়া হবে। তবে এক্ষেত্রে পরিবর্তিত ঠিকানায় উক্ত পদ শূন্য হলে/থাকলে তিনি নিয়োজিত হতে পারবেন।

(খ) স্থানীয় সরকার/জাতীয় নির্বাচনে অংশগ্রহণ ঃ

উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যা নির্বাচনে অংশগ্রহণ করলে মনোনয়নপত্র দাখিলের তারিখ থেকে ফলাফল ঘোষণার তারিখ পর্যন্ত তার সদস্যপদ স্থগিত হবে এবং উক্ত সময়কালের জন্য কোনরূপ ভাতাদি প্রাপ্য হবেন না।

১৮। মহাপরিচালক এর ক্ষমতা ঃ

মহাপরিচালক স্বীয় বিবেচনায় যে কোন উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাকে অপসারণ/অব্যাহতি দেয়ার আদেশ দিতে পারবেন। সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্ট মহাপরিচালকের নির্দেশ অনুসারে অপসারণ/অব্যাহতির আদেশ জারী করবেন। মহাপরিচালকের আদেশ প্রদানের তারিখ হতে এ অব্যাহতি আদেশ কার্যকর হবে। মহাপরিচালক এর আদেশ দ্বারা অপসারিত/অব্যাহতির ক্ষেত্রে মহাপরিচালকের আদেশ ব্যতীত সংশ্লিষ্ট ব্যক্তিকে পুনঃ বহাল করা যাবে না।

অপরাধ, শাস্তি ও আপীল পদ্ধতি ঃ

১৯। অপরাধ ও শাস্তিঃ

কোন উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাদের বিরুদ্ধে পরিশিষ্ট-'গ' তে বর্ণিত এক বা একাধিক অভিযোগ উত্থাপিত ও প্রমাণিত হলে তার বিরুদ্ধে উক্ত পরিশিষ্টে বর্ণিত শাস্তি আরোপ করা যাবে। শাস্তি আরোপ সকল ক্ষেত্রেই লিখিত আদেশ দ্বারা জারী করা হবে। সকল প্রকার শাস্তি আরোপের ক্ষেত্রে সদর দপ্তর অপারেশন শাখা, রেঞ্জ দপ্তর ও সংশ্লিষ্ট উপজেলা দপ্তরকে অবগতি কপি দিতে হবে। তবে কোন উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাদের অব্যাহতি, অপসারণ, বহিষ্কার বা সদস্যপদ বাতিল আদেশের ক্ষেত্রে সদর দপ্তর অপারেশন শাখা, আইএস সেল, রেঞ্জ দপ্তর ও উপজেলা দপ্তরের পাশাপাশি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা, ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা ও উপজেলা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান-কে অবগতির কপি দিতে হবে। আত্মপক্ষ সমর্থনের যথাযথ সুযোগ এবং আচরণগত/অভ্যাসগত ত্রুটি সংশোধনের সুযোগ প্রদান না করে কোন উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাদের অব্যাহতি প্রদান/অপসারণ/বরখাস্ত/সদস্যপত্র বাতিল করা যাবে না।

২০। শাস্তি প্রদান পদ্ধতি ঃ

কোন উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাদের বিরুদ্ধে পরিশিষ্ট-'গ' তে বর্ণিত এক বা একাধিক অভিযোগ উত্থাপিত হলে জেলা কমান্ড্যান্ট নিজে অথবা জেলা দপ্তরের কোন কর্মকর্তাকে সভাপতি করে তদন্ত পর্ষদ গঠন করবেন। অভিযোগের সাথে সংশ্লিষ্ট কোন কর্মকর্তা বা কর্মচারী উক্ত তদন্ত পর্ষদে অন্তর্ভুক্ত হবেন না। অভিযোগের তদন্ত প্রতিবেদন প্রাপ্তির পর জেলা কমান্ড্যান্ট অভিযুক্তকে ৫/৭ দিনের সময়ে দিয়ে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়ে কারণ দর্শানো নোটিশ জারী করবেন। জবাব প্রাপ্তির পর সন্তোষজনক বলে প্রতীয়মান হলে অব্যাহতি দিবেন। সন্তোষজনক না হলে পরিশিষ্ট-'গ' মোতাবেক উপযুক্ত শাস্তি প্রদান করবেন। তবে কোন শাস্তি প্রদানের জন্য উর্ধ্বতন দপ্তরের অনুমোদন প্রয়োজন হলে তিনি শাস্তির বিষয়টি উল্লেখ করে অনুমোদন চাইবেন। এক্ষেত্রে তিনি অভিযোগ ও তদন্ত কার্যক্রমের সকল কাগজপত্র সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করবেন। উর্ধ্বতন দপ্তর বিষয়টি বিবেচনা করে সুপারিশকৃত শাস্তি অনুমোদন করবেন অথবা অন্য কোন শাস্তি প্রদানের জন্য নির্দেশনা দিবেন। অনুমোদন বা নির্দেশনা প্রাপ্তির পর সে মোতাবেক শাস্তি আদেশ জারী করতে হবে।

২১। শাস্তি প্রদানকারী কর্তৃপক্ষ ঃ

পরিশিষ্ট-'গ' মোতাবেক।

২২। শাস্তির প্রকার/ব্যাখ্যা ঃ

ক) সতর্ককরণ বলতে অভিযুক্ত ব্যক্তির মৌখিক/লিখিত জবানবন্দীর ভিত্তিতে লিখিতভাবে সতর্কীকরণকে বুঝাবে। এ আদেশের কপি অভিযুক্ত ব্যক্তির নথিতে রাখতে হবে।

খ) ভাতা কর্তন বলতে নির্দিষ্ট সংখ্যক দিনের ভাতা কর্তন বুঝাবে।

গ) পদাবনতি বলতে কোম্পানী কমান্ডার থেকে সহকারী কোম্পানী কমান্ডার এবং প্লাটুন কমান্ডার হতে সহকারী প্লাটুন কমান্ডার এ পদাবনতি বুঝাবে।

ঘ) বহিষ্কার বলতে বর্তমান নিয়োগ বাতিল, প্রাথমিক সদস্য পদ খারিজ ও বাহিনী হতে প্রাপ্ত সকল প্রশিক্ষণ সনদপত্র বাতিল বলে গণ্য হবে।

ঙ) বহিষ্কৃত ব্যক্তি বাহিনীর অন্য কোন পদে নিয়োজিত হতে বা অন্য কোন প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন না।

২৩। **আপীল পদ্ধতি ঃ**

কোন শাস্তিপ্রাপ্ত সদস্য শাস্তির বিরুদ্ধে আপীল করতে চাইলে তাকে শাস্তি প্রদানের ত্রিশ পঞ্জিকা দিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আপীল আবেদন জমা দিতে হবে। কর্তৃপক্ষ আপীল আবেদনটি ০৭ (সাত) পঞ্জিকা দিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।

২৪। **আপীল কমিশন ঃ**

ক) **জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত শাস্তির বিরুদ্ধে আপীল** ঃ জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত শাস্তির আপীল আবেদন রেঞ্জ কমান্ডার শুনানী ও নিষ্পত্তি করবেন।

খ) **রেঞ্জ কমান্ডার কর্তৃক প্রদত্ত শাস্তির বিরুদ্ধে আপীল** ঃ সদর দপ্তরে উপ-মহাপরিচালক (অপারেশন্স) এর সভাপতিত্বে তিন সদস্য বিশিষ্ট একটি আপীল কমিশন থাকবে। এ আপীল কমিশনের অন্য দু'জন সদস্য হবে আইন কর্মকর্তা/উপদেষ্টা ও উপ-পরিচালক (অপারেশন্স), সদস্য-সচিব। রেঞ্জ কমান্ডার কর্তৃক প্রদত্ত শাস্তির বিরুদ্ধে আপীল আবেদন এ কমিশন নিষ্পত্তি করবে।

গ) **বহিষ্কার আদেশের বিরুদ্ধে আপীল** ঃ সদর দপ্তরে অতিরিক্ত মহাপরিচালকের সভাপতিত্বে তিন সদস্য বিশিষ্ট একটি আপীল কমিশন থাকবে। এ আপীল কমিশনের অন্য দু'জন সদস্য হবেন উপ-মহাপরিচালক (অপারেশন্স) এবং পরিচালক (অপারেশন্স), সদস্য-সচিব। বহিষ্কার আদেশের বিরুদ্ধে আপীল আবেদন এ কমিশন নিষ্পত্তি করবে।

২৫। **আবেদন ঃ**

আপীল সিদ্ধান্তের বিষয়ে সংক্ষুব্ধ ব্যক্তি ৩০ কার্যদিবসের মধ্যে মহাপরিচালক বরাবরে আবেদন জানাতে পারবেন। আবেদনের প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৬। **শাস্তির রেকর্ড সংরক্ষণ ঃ**

জেলা কমান্ড্যান্ট শাস্তি প্রাপ্ত উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাদের রেকর্ড একটি রেজিষ্টারের মাধ্যমে সংরক্ষণ করবেন।

২৭। **সংরক্ষণ ও হেফাজত ঃ**

ইতোপূর্বে জারীকৃত উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাদের নিয়োগ ও অপসারণ সংক্রান্ত সকল নীতিমালা এতদ্বারা রদ করা হল।

২৮। **সংশোধন ও পরিমার্জন ঃ**

এ নীতিমালা মহাপরিচালকের অনুমোদনক্রমে প্রয়োজনে সংশোধন/সংযোজন/বিয়োজন এবং পরিবর্তন করা যাবে।

**উপসংহার ঃ**

২৯। বাংলাদেশ আনসার ও ভিডিপি'র ঐতিহ্য, ভাবমূর্তি ও সুনাম সমুন্নত রাখা এবং তৃণমূল পর্যায়ে আইন অনুযায়ী প্রদত্ত দায়িত্ব যথাযথভাবে পালনকল্পে এ নীতিমালা জারীর তারিখ থেকে সংশ্লিষ্ট সকলে এ নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ইহা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হল।

দিলীপ কুমার বিশ্বাস
উপ-মহাপরিচালক (অপারেশনস)
ফোন নং-৭২১৪৯২৩

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.২০.০০১.১১-৮৪৯,

তারিখ ঃ ২৮ অগ্রহায়ণ ১৪২৪ / ১৩ ডিসেম্বর ২০১৭

**অনুলিপি ঃ**

| | | |
|---|---|---|
| ১। | মহাপরিচালক মহোদয়ের সচিবালয়<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। | অতিরিক্ত মহাপরিচালক<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | |
| ৩। | উপ-মহাপরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | |
| ৪। | উপ-মহাপরিচালক<br>আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৫। | পরিচালক (................................)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (সকল)<br>................................................... | |
| ৬। | উপ-পরিচালক (..........................)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী (সকল)<br>................................................... | |
| ৭। | জেলা কমান্ড্যান্ট (সকল)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>................................................... | |
| ৮। | উপজেলা/থানা আনসার-ভিডিপি কর্মকর্তা (সকল)<br>................................................... | |
| ৯। | অফিস কপি/মাস্টার কপি। | |

উপ-মহাপরিচালক (অপারেশনস)

# শপথনামা

আমি ......................................, পিতা/স্বামী-............................, গ্রাম/মহল্লা-........................, ডাকঘর-......................., উপজেলা-.........................., জেলা-....................... আনসার ও ভিডিপি বাহিনীর আদর্শে উদ্বুদ্ধ হয়ে এই মর্মে শপথ গ্রহণ করছি যে, আমি ধর্মীয় অনুশাসন বিশ্বস্ততার সাথে মান্য করবো এবং সমাজ ও দেশ সেবায় আত্মনিয়োগ করবো। আমি আমার উর্ধ্বতন কর্তৃপক্ষের আইনসম্মত আদেশ নির্দেশ যথাযথভাবে মানতে বাধ্য থাকবো। আমি বাংলাদেশের সংবিধানের প্রতি পূর্ণ অনুগত থাকবো এবং দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষার্থে প্রয়োজনবোধে নিজের জীবন উৎসর্গ করবো।

স্বাক্ষর ঃ

আমার সম্মুখে আজ ............................ খ্রিঃ তারিখে শপথ গৃহীত হল।

পরিশিষ্ট-'খ'

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
.....................................

স্মারক নং-জেকআভি/

তারিখঃ ..............................

প্রতি ঃ ...................................................
উপজেলা আনসার কোম্পানী কমান্ডার/সহকারী কোম্পানী কমান্ডার
/উপজেলা মহিলা আনসার প্লাটুন কমান্ডার/সহকারী প্লাটুন কমান্ডার
এবং ইউনিয়ন আনসার প্লাটুন কমান্ডার
........................................ জেলা।

বিষয় ঃ **মেয়াদ পূর্তিতে অব্যাহতি পত্র।**

বরাত ঃ ................................................................
(নিয়োগ পত্রের স্মারক নং)

আপনি জনাব ............................................ পিতা-.......................................... মাতা-...................., গ্রাম-........................................, ডাকঘর-.................................., উপজেলা-..........................................., জেলা-......................................, গত .......................................... তারিখ হতে ................................. উপজেলা আনসার কোম্পানী কমান্ডার/সহকারী কোম্পানী কমান্ডার/উপজেলা মহিলা আনসার প্লাটুন কমান্ডার/সহকারী প্লাটুন কমান্ডার এবং ইউনিয়ন আনসার প্লাটুন কমান্ডার হিসেবে অত্যন্ত প্রশংসনীয়ভাবে দায়িত্ব পালন করেছেন। বিদ্যমান নীতিমালা অনুসারে গত ............................ তারিখে ...................... বছর পূর্তিতে আপনার উক্ত নিয়োগের কার্যকারিতা শেষ হয়েছে। তৃণমূল পর্যায়ে নেতৃত্ব সৃষ্টির লক্ষ্যে নতুন দলনেতা/দলনেত্রী নিয়োগ করা হবে।

২। দায়িত্ব পালনকালীন সময়ে আপনি বাহিনীর/উর্ধ্বতন কর্মকর্তাদের আইনসঙ্গত আদেশ পালনে যে ভূমিকা রেখেছেন তা অনস্বীকার্যভাবে প্রশংসনীয়। আপনার অবদান বাহিনীর ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে। আপনার অবদানের স্বীকৃতি স্বরূপ ভবিষ্যতে বাহিনীর সকল কর্মকান্ডে সম্ভব হলে আপনাকে সম্পৃক্ত করা হবে।

৩। আপনার কর্মস্পৃহা অতীতের ন্যায় অব্যাহত থাকবে এবং নতুন নিয়োগ প্রাপ্ত উপজেলা আনসার কোম্পানী কমান্ডার/সহকারী কোম্পানী কমান্ডার/উপজেলা মহিলা আনসার প্লাটুন কমান্ডার/সহকারী প্লাটুন কমান্ডার এবং ইউনিয়ন আনসার প্লাটুন কমান্ডারদের তাঁর দায়িত্ব পালনে আপনার সক্রিয় সহযোগিতা পাবার আশা রাখছি।

৪। প্রশংসনীয়ভাবে আপনার উপর অর্পিত দায়িত্ব পালন করার জন্য বাহিনীর পক্ষ থেকে আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আপনার সকল আইনানুগ প্রয়োজনে বাহিনী আপনার পাশে থাকার প্রতিশ্রুতি ব্যক্ত করছে। আপনার ভবিষ্যৎ মঙ্গল কামনা করছি।

..................................................
জেলা কমান্ড্যান্ট
..................................................

পরিশিষ্ট-'গ'

## উপজেলা আনসার কোম্পানী, উপজেলা আনসার প্লাটুন ও ইউনিয়ন আনসার প্লাটুন সদস্য-সদস্যাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ছক

আরোপযোগ্য শাস্তির মাত্রা এবং শাস্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ ঃ-

| ক্রঃ নং | অপরাধ | শাস্তি | অনুমোদনকারী |
|---|---|---|---|
| ১। | বাহিনীর ভাবমূর্তি ক্ষুন্নকারী কাজ করা | অপসারণ/বহিষ্কার | উপ-মহাপরিচালক (অপারেশনস্) |
| ২। | চাঁদাবাজি | অপসারণ/বহিষ্কার | উপ-মহাপরিচালক (অপারেশনস্) |
| ৩। | ভূয়া পরিচয়পত্র বহন | বহিষ্কার | উপ-মহাপরিচালক (অপারেশনস্) |
| ৪। | উৎকোচ প্রদান/গ্রহণ | অপসারণ/বহিষ্কার | উপ-মহাপরিচালক (অপারেশনস্) |
| ৫। | চোরাচালান/অপহরণ | অপসারণ/বহিষ্কার | উপ-মহাপরিচালক (অপারেশনস্) |
| ৬। | প্রাণনাশের হুমকি প্রদান | অপসারণ/বহিষ্কার | উপ-মহাপরিচালক (অপারেশনস্) |
| ৭। | ধর্ষণজনিত অপরাধ | বহিষ্কার | উপ-মহাপরিচালক (অপারেশনস্) |
| ৮। | অসামাজিক কার্যকলাপ | বহিষ্কার | উপ-মহাপরিচালক (অপারেশনস্) |
| ৯। | অসদাচরণ | সতর্কীকরণ, তিরস্কার, কঠোর তিরস্কার ও বহিষ্কার | রেঞ্জ পরিচালক/ উপ-মহাপরিচালক (অপারেশনস্) |
| ১০। | দুর্নীতিগ্রস্ত হওয়া | বহিষ্কার | উপ-মহাপরিচালক (অপারেশনস্) |
| ১১। | নিজেদের মালামাল চুরি করা | অপসারণ ও জরিমানা | রেঞ্জ পরিচালক |
| ১২। | ভূয়া সনদধারী | অপসারণ/সনদপত্র জব্দ | রেঞ্জ পরিচালক |
| ১৩। | নিজেদের মধ্যে মারামারি করা | অপসারণ | রেঞ্জ পরিচালক |
| ১৪। | গুরুতর দায়িত্ব অবহেলা | কঠোর তিরস্কার | রেঞ্জ পরিচালক |
| ১৫। | ভীরুতা | অপসারণ | রেঞ্জ পরিচালক |
| ১৬। | মাসিক সভায় অনুপস্থিত (পর্যায়ক্রমিক ৩য় বার বা তদূর্ধ্ব বার) | অপসারণ | রেঞ্জ পরিচালক |
| ১৭। | তথ্য গোপন রেখে নিয়োগ নেয়া | অপসারণ | রেঞ্জ পরিচালক |
| ১৮। | নেশাগ্রস্ত হওয়া/মাদক ব্যবসা | অপসারণ | রেঞ্জ পরিচালক |
| ১৯। | জুয়া খেলা | অপসারণ | রেঞ্জ পরিচালক |
| ২০। | মহিলাদের উত্তক্ত করা/যৌন হয়রানী | অপসারণ | জেলা কমান্ড্যান্ট |
| ২১। | দায়িত্ব অবহেলা | সতর্কীকরণ | জেলা কমান্ড্যান্ট |
| ২২। | মাসিক সভায় অনুপস্থিত (পর্যায়ক্রমিক ২য় বার) | ৩ দিনের ভাতা কর্তন | জেলা কমান্ড্যান্ট |
| ২৩। | মাসিক সভায় অনুপস্থিত (১ম বার) | ১ দিনের ভাতা কর্তন | জেলা কমান্ড্যান্ট |
| ২৪। | আদেশ অমান্য করা | কঠোর তিরস্কার | জেলা কমান্ড্যান্ট |
| ২৫। | হুমকি প্রদান | বহিষ্কার | জেলা কমান্ড্যান্ট |
| ২৬। | ডিউটিরত অবস্থায় ধুমপান করা/পান খাওয়া | সতর্কীকরণ | জেলা কমান্ড্যান্ট |
| ২৭। | বিবিধ/জেলা কমান্ড্যান্ট/কর্তৃপক্ষের বিবেচনায় যে কোন অপরাধ | সতর্কীকরণ | জেলা কমান্ড্যান্ট |

উপ-মহাপরিচালক (অপারেশনস্)